# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 01.10.2023** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর-

১) প্রধানমন্ত্রীর ডাকে সাড়া দিয়ে সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ স্বচ্ছতা-হি-সেবা কর্মসূচী পালিত হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা-কর্মীদের পাশাপাশি সাধারণ মানুষও সেই অভিযানে সামিল হন।

২) কেন্দ্রের বিজেপি সরকার রাজনৈতিক কারণে উদ্দেশপ্রণোদিতভাবে রাজ্যের মানুষকে তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছে বলে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিযোগ করেছেন। তিনি আজ দলের ধর্ণা কর্মসূচীতে যোগ দেওয়ার জন্য দিল্লি গেছেন।

এদিকে, তৃণমূল কংগ্রেসের কর্মসূচীর পাল্টা হিসেবে বিজেপি আগামীকাল এরাজ্যে প্রতিবাদ কর্মসূচী পালন করবে।

৩) রাজ্যপাল আজ রাজ্যের ৬-টি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য নিয়োগ করেছেন। এই নিয়োগের কড়া সমালোচনা করেছেন রাজ্যের শিক্ষামন্ত্রী।

৪) বঙ্গোপোসাগরে নিম্নচাপের প্রভাবে চৌঠা অক্টোবর পর্যন্ত রাজ্যের সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস। মৎস্যজীবীদের তিন তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

ooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ডাকে সাড়া দিয়ে দেশের অন্যান্য প্রান্তের পাশাপাশি এরাজ্যেও ‘স্বচ্ছতা হি সেবা’ কর্মসুচী পালিত হয়েছে।

কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রী স্মৃতি ইরানি আজ দার্জিলিং-এর অটল চা-বাগানে স্বচ্ছতা হি সেবা অনুষ্ঠানে ঝাড়ু নিয়ে রাস্তা ঝাট দেন। কথা বলেন চা শ্রমিকদের সঙ্গে। তেনজিং নোরগে বাস স্ট্যান্ডে স্বচ্ছতা-হি-সেবা অনুষ্ঠানে যোগ দেন শ্রীমতী ইরানি । সঙ্গে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ।

কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, উত্তর ২৪ পরগণার বনগাঁস্টেশনে রেলের আধিকারিকদের সঙ্গে পরিচ্ছন্নতা অভিযানে সামিল হন। তিনি বলেন,

(বাইট)

কলকাতার বালিগঞ্জ ফাঁড়িতে বিজেপি-র রাজ্য সাধারণ সম্পাদক , বিধায়ক অগ্নিমিত্রা পাল স্বচ্ছতা কর্মসূচী পালন করেন।

হাওড়ায় স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচিতে যোগ দেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

খড়গপুর স্টেশনে সাংসদ দিলীপ ঘোষ, রানাঘাট স্টেশনে সাংসদ জগন্নাথ সরকার স্বচ্ছতাই সেবা কর্মসূচীতে অংশ নেন।

কেন্দ্রীয় খনি মন্ত্রকের অধীন হিন্দুস্থান কপার লিমিটেডের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর ঘনশ্যাম শর্মা , অন্যান্য কর্মী এবং আধিকারিরা কলকাতার পদ্মপুকুর ও ভবানীপুর এলাকায় স্বচ্ছতা অভিযানে অংশ নেন। শ্রী শর্মা বলেন, নিজেদের বাসস্থান ও কর্মস্থল সবসময় স্বচ্ছ রাখা উচিত।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগেও আজ স্বচ্ছতাই সেবা অভিযানের আওতায় সাফাই অভিযান চলে। সংবাদ বিভাগের কর্মীরা ছাড়াও এতে অংশ নেন, বিভাগীয় প্রধান সুস্মিতা মন্ডল।

দূরদর্শন কলকাতা কেন্দ্রেও আজ স্বচ্ছতাই সেবা কর্মসূচী পালিত হয়।

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে। রেলের তরফে আজ মালদা স্টেশন চত্বর, রেলওয়ে কলোনি এবং হাসপাতাল সহ অন্যান্য এলাকায় আবর্জনা পরিষ্কার করা হয়। উপস্থিত ছিলেন ডিআরএম শ্রী বিকাশ চৌবে, ইংরেজবাজারের বিধায়ক শ্রীরূপা মিত্র।

বিশ্বভারতীর উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী আজ ছাত্রছাত্রীদের সঙ্গে নিয়ে বিশ্ববিদ্যালয়য়ের আশপাশের এলাকায় স্বচ্ছতা অভিযান চালান।

নদীয়ার কৃষ্ণনগরে বিএসএফ আধিকারিক, জওয়ান, স্কুল পড়ুয়া, স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মী সহ ২৭৫ জন কৃষ্ণনগর জেলা স্টেডিয়ামে স্বচ্ছতা অভিযানে সামিল হন।

কল্যাণীতে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ –আইজার -এর পক্ষ থেকে ‘স্বচ্ছতা হি সেবা’- কর্মসূচির অধীনে আজ সাফাই অভিযানে ছাত্রছাত্রী, শিক্ষক, বিজ্ঞানী ও কর্মীরা যোগ দেন।

গয়েশপুর পুর এলাকার বেদিভবন অঞ্চলে আজ সাফাই অভিযানে নামে বিজেপি কর্মীরা।

পশ্চিম মেদিনীপুরের শালবনিতে আজ কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ বাহিনীর ২৩২ মহিলা ব্যাটেলিয়ানের সদস্যরা সবজি বাজার ও বাসস্ট্যান্ড এলাকাতে ১ ঘন্টা শ্রম দান করে স্বচ্ছতা অভিযান পালন করেন।

দক্ষিণ ২৪পরগনার ক্যানিং স্টেশন চত্বরে স্টেশনের প্ল্যাটফর্ম পরিস্কার করার কাজে হাতলাগান স্টেশন মাস্টার, আরপিএফ কর্মী ও স্কুলপড়ুয়ারা। ব্লক প্রশাসনের আধিকারিকেরাও অফিস চত্বর ঝাড়ুহাতে সাফাই করেন।

বর্ধমানের রমনাবাগান জুলজিক্যাল পার্কে আজ এই উপলক্ষ্যে বনবিভাগের তরফে সচেতনতামূলক অনুষ্ঠানে পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও স্বচ্ছতার প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

ooooooooooooooo

গান্ধীজির জন্ম জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন-সিবিসির উদ্যোগে উত্তর ২৪ পরগনার নৈহাটিতে আজ শুরু হয়েছে তিনদিনের বিশেষ প্রদর্শনী ও নানা সাংস্কৃতিক কর্মসূচি। সিবিসি-র কলকাতা আঞ্চলিক অফিস এবং চুঁচুড়া ফিল্ড পাবলিসিটি অফিসের যৌথ উদ্যোগে নৈহাটি রেলওয়ে ইনস্টিটিউট হলে আয়োজিত ওই প্রদর্শনীতে গান্ধীজির জীবনের নানা অধ্যায় ও কর্মকাণ্ডের দুষ্প্রাপ্য শতাধিক ছবি স্থান পেয়েছে। প্রদর্শনী ছাড়াও তিন দিন ধরে থাকছে সেমিনার, বসে আঁকো প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পদযাত্রা সহ নানা কর্মসূচি। স্বচ্ছতা অভিযান এবং মিশন লাইফ নিয়েও এখানে বিশেষ প্রচার চালানো হচ্ছে।

চুঁচুড়ার ফিল্ড পাবলিসিটি অফিসার সন্দীপন দাশগুপ্ত জানালেন –

(বাইট)

ooooooooooooooo

মেরি মাটি - মেরা দেশ কর্মসূচীর অঙ্গ হিসেবে নদীয়ার গয়েশপুর কুলিয়াপাট অপরাধ ভঞ্জন মন্দির প্রাঙ্গণ ও পার্শ্ববর্তী এলাকা থেকে আজ মাটি সংগ্রহ করা হয়। নেহেরু যুব কেন্দ্র এবং আমরা গৌরব ফাউন্ডেশনের সহযোগিতায় এই অনুষ্ঠানে

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রানাঘাট উত্তর-পূর্ব কেন্দ্রের বিধায়ক অসীম বিশ্বাস, রাহুল ঘটক প্রমুখ।

ooooooooooooooo

কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রী স্মৃতি ইরানি অভিযোগ করেছেন, রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার চা-বাগানের শ্রমিকদের টাকা দিচ্ছে না, বাড়ি দিচ্ছে না, বার বার বলা সত্ত্বেও তাদের মজুরী বাড়ানোরও কোন উদ্যোগ-ই নিচ্ছে না। তিনি আজ শিলিগুড়ির দাগাপুর ময়দানে রাজ্য বিজেপি-র ট্রেড ইউনিয়ন রিলেশনস সেলের উদ্যোগে চা-শ্রমিক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

(বাইট)

সেখানে তাঁকে খাদা পরিয়ে সম্মান জানানো হয়। সংসদে যে লেবার কমিটি আছে সেখানে চা শ্রমিকদের বিষয়ে এর আগে কেউ কোন কথা তোলেননি। এই প্রথম বিজেপি সাংসদ রাজু বিস্ত, জন বার্লা বাগিচা শ্রমিকদের প্রসঙ্গ সেখানে উত্থাপন করেছেন।

চা-সুন্দরী প্রকল্পের সুবিধেও শ্রমিকরা পাচ্ছেন না বলেও তিনি অভিযোগ করেন। রাজ্যের শাসক দলের নেতা কর্মীদের বাড়ির লোকেরা চাকরি পেলেও গরিবরা কেন চাকরি পাচ্ছেন না, সেই প্রশ্নও তোলেন তিনি।

এর আগে শ্রীমতী ইরানি দার্জিলিং-এর অটল চা-বাগানে স্বচ্ছতা হি সেবা অনুষ্ঠানে ঝাড়ু নিয়ে রাস্তা ঝাট দেন। কথা বলেন চা শ্রমিকদের সঙ্গে । তেনজিং নোরগে বাস স্ট্যান্ডে স্বচ্ছতা-হি-সেবা অনুষ্ঠানে যোগ দেন শ্রীমতী ইরানি । সঙ্গে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার

oooooooooooooo

কেন্দ্রের বিজেপি সরকার রাজনৈতিক কারণে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে রাজ্যের মানুষকে তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছে বলে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছেন। কেন্দ্রের বঞ্চনার প্রতিবাদে ধর্ণা কর্মসূচির জন্য আজ বিকেলে দিল্লি রওনা হওয়ার আগে বিমানবন্দরে তিনি অবশ্য স্পষ্ট জানান, এই পাওনা অর্থ আদায় না হওয়া পর্যন্ত তাদের লাগাতার আন্দোলন চলবে।

(বাইট)

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিং তাদের সাংসদদের সঙ্গে দেখা করতে চাইছেন না, বিজেপি সাংসদদের ডেকে পাঠাচ্ছেন - এটা বিমাতৃসুলভ আচরণ বলেও অভিষেক দাবি করেন।

ট্রেন, বিমান বাতিল করে জনসভা করার অনুমতি না দিয়ে প্রতিবাদ করার অধিকারও কেন্দ্রীয় সরকার কেড়ে নিচ্ছে বলে তাঁর আরও অভিযোগ।

ooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের দিল্লি চলো কর্মসূচির পাল্টা হিসেবে ভারতীয় জনতা পার্টিও আগামীকাল এরাজ্যে প্রতিবাদ কর্মসূচি পালন করবে। দলীয় সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় প্রকল্পের টাকার সঠিক হিসাব না দিয়ে খেলা,মেলা, উৎসবে টাকা নয়ছয় করা এবং রাজ্য জুড়ে মহিলাদের ওপর অত্যাচারের প্রতিবাদে দলের মহিলা মোর্চা আগামীকাল মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে ধর্না অবস্থানে সামিল হবে।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন,দলের বিধায়করাও আগামীকাল অবস্থান বিক্ষোভ করবেন। পাশাপাশি সাংসদরা দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বা প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে দেখা করে টাকা না পাওয়ার প্রকৃত কারণ তুলে ধরবেন। দুর্নীতিগ্রস্তদের জন্যই রাজ্যের সাধারণ মানুষ কেন্দ্রের অর্থ থেকে বঞ্চিত হচ্ছে বলে সুকান্তবাবু অভিযোগ করেন।

(বাইট)

০০০০০০০০০০০০০০

১০০ দিনের কাজের বকেয়া টাকা আদায়ের দাবিতে তৃণমূল কংগ্রেসের আগামীকাল দিল্লিতে বিক্ষোভ কর্মসূচীর প্রাক্কালে আম-আদমি-পার্টি আজ একই দাবিতে কলকাতায় প্রতিবাদ কর্মসূচী পালন করে।

"রাজদরবার অভিযান" নামে তাদের এই মিছিল মেয় রোড থেকে রাজভবনের দিকে যাওয়ার সময় পুলিশ তা আটকে দেয় বলে অভিযোগ। পরে দলের সদস্যরা গান্ধী মূর্তির সামনে বিক্ষোভ দেখান।

০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেসের দিল্লি চলো কর্মসূচিতে যোগ দিতে যাওয়ার পথে ঝাড়খন্ডে বাস দুর্ঘটনার জন্য শাসক দলকেই দায়ী করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক টুইট বার্তায় অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের নেতারা যেভাবে নিরীহ মানুষদের জীবনের ঝুঁকির দিকে ঠেলে দিয়েছেন তা নিন্দনীয়। পরে শিলিগুড়িতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন,তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি ও সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির জন্য সারা বছর কাজে না লাগলেও দুটি চার্টার্ড বিমান ভাড়া করে রাখা আছে। সেই বিমানে কর্মীদের কেন নিয়ে যাওয়া হচ্ছে না তিনি সে বিষয়ে প্রশ্ন তোলেন।

০০০০০০০০০০০০০

আগেই জানানো হয়েছে, শাসক দলের দিল্লী চলো কর্মসূচিতে যোগ দিতে যাওয়ার পথে ঝাড়খণ্ডে সড়ক দুর্ঘটনায় পড়েছে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থক সহ একটি বাস। এই ঘটনায় পুরুলিয়ার পুঞ্চা মানবাজার ও বান্দোয়ানের বেশ কয়েকজন তৃণমূল নেতা ও কর্মী আহত হয়েছেন। কলকাতা থেকে গতকাল দিল্লির উদ্দেশ্যে রওনা দিয়েছিল বাসটি। তাতে ছিলেন ৩৭ জন দলীয় কর্মী- সমর্থক। ঝাড়খণ্ডের কোডারমার কাছে বাসটি দুর্ঘটনার কবলে পড়ে। আহতদের আজ পুরুলিয়া

নিয়ে আসা হয়। প্রাথমিক চিকিৎসার পর অবশ্য বাড়ির উদ্দেশ্যে রওনা দেন বাসের যাত্রীরা।

০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ রাজ্যের ৬-টি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য নিয়োগ করেছেন। মুর্শিদাবাদ বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পাচ্ছেন অধ্যাপক অচিন্ত সাহা ।

অন্যদিকে, কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য পদে নিয়োগ করা হয়েছে নিখিল চন্দ্র রায়কে। অধ্যাপক বিবি পাড়িরা মহাত্মা গান্ধী বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য নিয়োগ হয়েছেন । আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়, বিশ্ব বাংলা বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী উপাচার্য নিয়োগ করা হয়েছে –অধ্যাপক রথীন বন্দ্যোপাধ্যায় এবং অধ্যাপক দিলীপ মাইতিকে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে একজন অবসরপ্রাপ্ত আই পি এস আধিকারিককে অস্থায়ী উপাচার্য হিসেবে নিযুক্ত হয়েছেন।

এদিকে, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, রাজ্যপালের এই অস্থায়ী উপাচার্য নিয়োগের সমালোচনা করেছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, রাজ্যপাল এভাবে অস্থায়ী উপাচার্য নিয়োগ করতে পারেন না। শিক্ষার বাতাবরণের ক্ষেত্রেও এধরনের নিয়োগ উপযুক্ত নয় বলে তিনি মন্তব্য করেন।

০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপটি আরও ঘনীভূত হয়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিমাঞ্চল এবং সংলগ্ন ঝাড়খন্ডের ওপর অবস্থান করছে। এটির আগামী ২৪ ঘণ্টায় আরও উত্তর পশ্চিম দিকে অগ্রসর হওয়ার সম্ভাবনা। এর প্রভাবে আগামী বুধবার চৌঠা অক্টোবর পর্যন্ত রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টির পরিমাণ বাড়বে।

মৎস্যজীবীদের মঙ্গলবার তেসরা অক্টোবর পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে, দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া ও ঝাড়গ্রাম জেলায় আজ ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামীকাল ও মঙ্গলবারও দক্ষিণ ২৪ পরগনার, দুই মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি থাকছে।

বুধবার এই চার জেলা ছাড়াও বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, মূর্শিদাবাদ ও পশ্চিম বর্ধমান জেলাতেও ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

উত্তরবঙ্গে কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আগামীকাল ভারী বৃষ্টির হলুদ সতর্কতা এবং মঙ্গলবার অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। মঙ্গলবার দার্জিলিং-কোচবিহার ও উত্তর দিনাজপুর জেলায় ভারী বৃষ্টি হবে। বুধবার হলুদ সতর্কতা জারি রয়েছে কালিংম্পং ও জলপাইগুড়ি জেলায়।

আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সঞ্জীব বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন –

(বাইট)

ooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বজবজ ২ নম্বর ব্লকের নোদাখালিতে শুরু হয়েছে নদী ভাঙন। ইতিমধ্যে তলিয়ে গেছে হুগলি লাগোয়া ইটভাটার অফিস, শ্রমিকদের থাকার ঘর এবং একটি ক্লাব। ডোঙারিয়া ও রায়পুর এলাকার রিং বাধের উপর রাস্তা দিয়ে গাড়ি চলাচল নিষিদ্ধ ঘোষণা করেছে প্রশাসন। তলিয়ে যাওয়ার মুখে আরও কয়েকটি বাড়ি। আতঙ্কে নোদাখালির ডোঙারিয়া ও রায়পুর অঞ্চলের বাসিন্দারা। স্থানীয় শ্রী শ্রী রামকৃষ্ণ অমৃত বিদ্যালয়ে তাঁদের থাকা খাওয়ার ব্যবস্থা করা হয়েছে।